

জানালা

কে. পি. শর্মা

01 June, 2016

Countercurrents.org

একদিন

স্বপ্নের জানালায় তাকিয়ে দেখবো
মানুষ, নারী-পুরুষ, বুড়ো-জোয়ান
একে অন্যকে আলিঙ্গন করছে, চুম্বন করছে,
গাইছে, নেচে উঠছে;
বুকে নেই ঘণার বিষ
কিংবা
দেখেও না-দেখার আত্মদংশন।

আরো একদিন

স্বপ্নের সে জানালা খুলে দেখবো
বাঁধভাঙা নদীর দল
সবুজ পাহাড় বেয়ে সমুদ্রে মিশছে,
রুপোলী মাছে ভরে গেছে জেলেদের জাল,
থেমে গেছে ওদের সন্তান-সন্ততির ক্ষুধার্ত কান্না।

একদিন

খুলে দেবো আমার স্বপ্নের জানালা,
তাকিয়ে দেখবো পাখিরা বাসা বাঁধছে,
সে বাসায় ডিমের গায়ে নেই ফাটলের দাগ,
বাচ্চাদের খাবার খাওয়াচ্ছে ওরা,
তাতে নেই মানুষের ছড়িয়ে দেওয়া রাসায়নিক আর বিষ।

আবার কোনদিন

স্বপ্নের জানালায় দেখবো হাসছে মানুষ,
ক্ষমতায় ক্লেদাক্ত নয় তাদের ভাষা।

দুর্বলকে দাস বানানো প্রবলের ভীষণ যন্ত্র
ভেঙে তারাই গড়বে অমরার ভিত
ধ্বংসস্তুপে।

ঘুম ভাঙবে কোনদিন
শেকল ভাঙার বনবনায়
স্বপ্ন দেখি, কারাগার আর পাগলাগারদ সব জনহীন,
খালি পায়ে হাঁটছে পুলিশ, হাতে নেই অত্যাচারের বেত,
সৈন্যদের আর প্রয়োজন নেই বন্দুক বোমা,
শিখছে যারা শেখাবে, আর চিকিৎসকরা উজাড় করে দেবে নিজেদের।
যে এক একক বাতাসেভরে উঠছে আমাদের বুক
সে-ই নিয়ে এল খবর।

কোন এক দিন স্বপ্নের জানালায় দাঁড়িয়ে দেখবো
নাম-পরিচয়হীন মায়ের শরীরে বেড়ে ওঠা
ভ্রূণকে মানুষ তীব্র শ্লেষে উপেক্ষায় ক্ষত-বিক্ষত করছে না,
থুথু ছুঁড়বো সেই বিবেকের মুখে
শিশুর চোখে ঠুলি পরিয়েছে যে সত্য মিথ্যে আলাদা না করে।
ন্যায়বিচার চাইবো সব ঈশ্বরের কাছে,
দায় নিক তারা তাদের সৃষ্টির।

একদিন, খুলে দেবো স্বপ্নের জানালা
লোভ, বঞ্চনা, ক্ষুধা আর অভাব নেই যে দুনিয়ায়
তারই বাতাসে নিঃশ্বাস নেবো,
যেখানে প্রয়োজন হবে না এই বিচলিত শব্দাবলীর
কিংবা আর ঘুমিয়ে স্বপ্ন দেখবার।

(The poem is translated from English to Bangla by Omar Rashid Chowdhury from Dhaka, Bangladesh)

English version can be found here <http://www.countercurrents.org/sasi310516.htm>